দৈনিক বাংলা

তারিখ 20 DEC 1992
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ২ ...

20

01

শিক্ষা প্রসারের ব্যাপক উদ্যোগ

# দেশে দু শ' স্যাটেলাইট পাইলট স্কুল চালু হতে যাচ্ছে

নিজস্ব সংবাদদাতা : গাইবান্ধা, ১৯ ডিসেম্বর।—শিক্ষা মন্ত্রণালয় প্রাথমিক শিক্ষা বঞ্চিত এলাকায় লেখাপড়ার সুযোগ সৃষ্টির লক্ষ্যে আগামী শিক্ষা বছর থেকে দেশে ২শ স্যাটেলাইট পাইলট স্কুল চালু করবে।

এই কর্মসূচী বাস্তবায়নে ঢাকা, খুলনা ও রাজশাহী বিভাগের প্রত্যেকটিতে ৪৮টি করে এবং চট্টগ্রাম বিভাগে ৫৬টি বিদ্যালয় চালু করা হবে।

বিশ্বব্যাংকের আর্থিক সহায়তায় সাধারণ শিক্ষা প্রকল্পের অধীনে দেশের প্রত্যন্ত অঞ্চলে যেসব এলাকায় প্রাথমিক বিদ্যালয় নেই সেসব এলাকায় এই বিদ্যালয়গুলো স্থাপনের কর্মসূচী নেয়া হয়েছে। এসব বিদ্যালয়ে ১ম ও ২য় শ্রেণীর মানের শিক্ষা দেয়া হবে। এজন্য ছাত্র–ছাত্রীদের বিনামূল্যে বই এবং অন্যান্য উপকরণ সরবরাহ করা হবে।

এই বিদ্যালয়গুলো ২জন করে শিক্ষক দিয়ে পরিচালিত হবে। এজন্য তাদের নির্ধারিত ভাতাও দেয়া হবে।

শিক্ষা বিভাগের একজন উর্ধ্বতন কর্মকর্তা জানান, এই প্রকল্পের অধীনে সমগ্র দেশে পর্যায়ক্রমে এ ধরনের মোট ২ হাজার স্কুল চালু করা হবে। ১৯৯২ শিক্ষা বছরে দেশে পরীক্ষামূলকভাবে এ ধরনের ৬২টি স্কুল চালু করা হয়েছে।

আগামী বছর থেকে এইসব স্কুলের নিজস্ব ভবন নির্মাণের কাজও শুরু করা হবে বলে উক্ত কর্মকর্তা জানান।